

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭০৪(আগরতলা, ১০।০২)
বিশ্রামগঞ্জ, ১০ ফেব্রুয়ারী, ২০১৮

সিপাহীজলায় মাইক্রো
অবজারভারদের মহড়া অনুষ্ঠিত

আসন্ন বিধানসভা নির্বাচন অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে আজ সিপাহীজলা জেলা নির্বাচনী কাজে নিযুক্ত মাইক্রো অবজারভারদের নির্বাচনী মহড়া অনুষ্ঠিত হয়। বিশ্রামগঞ্জ মাল্টিপারপাস হলে আয়োজিত মাইক্রো অবজারভারদের মহড়া দেন সিপাহীজলা জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক ও সমাহর্তা প্রদীপ কুমার চক্রবর্তী, জেলার ৯টি বিধানসভা কেন্দ্রের জন্য নিযুক্ত চার জন পর্যবেক্ষক অশোক কুমার ভার্গব, উপেন্দ্র নাথ শর্মা, সন্তোষ কুমার এবং এফ আফতাব। মহড়া চলাকালীন সময়ে ব্যয় সংক্রান্ত পর্যবেক্ষক রাজাসেন গুপ্ত ও ধৌই বেদী বিনেট সহ পুলিশ পর্যবেক্ষকরাও উপস্থিত ছিলেন। মহড়ায় মাইক্রো পর্যবেক্ষকদের ই ভি এম মেশিন ও ভি ভি প্যাট ব্যবহার পদ্ধতি ইত্যাদি সম্পর্কে অবহিত করা হয়। এই মহড়ায় মোট ২৫৪ জন মাইক্রো অবজারভার উপস্থিত ছিলেন।
